সমকাল

তারিখ ...22. SEP. 2015...
পৃষ্ঠা ...৪... কলাম ...৭...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# অনার্সে ভর্তি ও ক্লাস আরও এগিয়ে আনা হবে

■ সমকাল প্রতিবেদক

জাতীয় বিশ্ববিদ্যালয়ে আগামী বছর অনার্সে ভর্তি ও ক্লাস আরও এগিয়ে আনা হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত বিভিন্ন কলেজে সমাজবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান ও দর্শন বিষয়ের ৯৫তম ব্যাচের শিক্ষক-শিক্ষার্থীদের কোর্স সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে তিনি এ কথা জানান। গতকাল সোমবার গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ে এ অনুষ্ঠান হয়। অধ্যাপক হারুন-অর-রশিদ বলেন, শিক্ষার্থীদের সেশনজট নিরসনে গৃহীত ক্রাশ প্রোগ্রামের অংশ হিসেবে চলতি (২০১৫-১৬) শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি প্রক্রিয়া ১ অক্টোবর এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১ ডিসেম্বর থেকে শুরু হবে।